... of its own. It has ...d there conducts its ...s neither the powder ...English. Its members ...nds, who live in the to ... o watch the influence ...ers, or th... policy o... Persians in relation ...wers, but t... introduce civilization, promote the ... of arts and sciences, and instruct the people. It ...ch who have taught the Persian army the Euro- ... of warfare. It is the French who equip and drill ...n soldiers, and teach their bands European music. ...h language is taught in the Persian schools, and ... classes of the Persians converse in that language. ...ristian nation is liked or admired by the Persians, ...rench, both on account of the disinterestedness of ...es and the sweetness of their language and manners. ...rks, also, keep a Legation here. They don't possess ...ng of their own in the city, but have a very fine ...nd a splendid airy summer-house, not far from the ... and Russian summer-houses. They are neither ... the people as the Russians, nor an ornament as ...h, nor yet instructors as the French. They live ...d unostentatiously and yet they are not behind ... powers. They quietly settle their boundary ...nd various other diplomatic affairs, and watch ... of the Russians.

...dras Standard has heard of the following bit of ...king at Bolarum:—"We have received a communi- ... Bolarum, dated 15th instant, which gives a few ... of the depredations committed there by some ...us people to the great annoyance of the residents. ...hristmas week the houses of the chaplain, the ...Mr. Pratt, and other gentlemen were placarded; ...board of the chaplain's house was taken away and ...n the coffee room, and on the night of the 3rd ...a member of the new methodist church had a huge ...t up over his house with the following words: ...st's Hall, where all scandal is freely dispensed, tea ... for all humbugs" On a certain night in the early ...is month, the officers' mess house ... Bolarum was ... dealt with, and the premises of a ...pected officer ...ired from the service, was placarded and the public ...hat the ga... officer, who was of Jewish extrac- tion, had set up as a pork butcher in Bangalore. This most disgraceful conduct of the mischievously disposed of Bolarum induced some of the better classes to convene a meeting and to express sympathy to the gallant officer, for the insults which had been offered to him, and to exonerate the community of Bolarum from blame with regard to these placards. When the day of the meeting came, it was found that another placard had been put up at the meeting house, and, those who had consented to subscribe to an address which it was intended to present to the retired officer now promised to grant a reward of twenty.five rupees to the party or parties who gave information which may lead to the discovery of the perpetrators of those unpleasant and disgraceful productions. But the placarders were not to be bullied. The day after the above resolution was arrived at, some verses respecting the 25 Rs. reward were found pasted over all parts of the town, and up to the tate of our correspondent's letter, the real perpetrators had not been detected.

The *Times*' correspondent,—writing from Philadelphia on the 4th inst., says:—The annual report of the Secretary of War, which will be transmitted to Congress with the President's Message next week, shows that the expenditures for army fortifications, and harbour improvements which are controlled by the War Department, for the last fiscal year, amounted to 42,32b304 dols, a reduction of nearly four millions compared with the previous year. The Secretary makes numerous recommendations for Congress to increase the efficiency of the Army. He asks for additional appropriations for the collection of torpedo material and for ammunition for targe firing. Much larger appropriations that heretofore, he suggests, should be annually made for the manufacture of arms and the arming and equipping of the Militia. He asks for a grand arsenal for manufacturing purposes, to be established near New York; also for a powder depot, and experimental grounds for testing heavy ordnance. Further reduction of the Army at present is discouraged. The bulk of the Secretary's Report relates to matters of routine, and is not of interest abroad."

INDIAN PUBLIC OPINION.

THE BARODA AFFAIRS.

(From the Saptahik Samachar, Calcutta.)

What we apprehended has come to pass. The Gaikwad has been deposed. He is now a prisoner in the house of he Resident. Until his trial is completed, the administration of aroda will be in the hands of the Governor-General. It appears from the Proclamation issued by the Government of India that it does not mean to annex the Baroda State, and that if Mulhar Rao be found guilty, an individual belonging to his race will be raised to the throne. But who can divine the future? If no fit person be found in the Gaikwad's family, the British Government will have, though with much reluctance, to annex the Baroda State also. The English Government is much averse to take other men's state. Only they are now and then compelled by circumstance over which they have no control to ssnatch away kingdom from their owners for the sake of humanity. The circumstances under which Sind, Oude and other kingdoms have been annexed to the British dominion, may influence for a similar annexation of the Kingdom of Baroda.

If Mulhar Rao had been deposed for his being tyrannical, extravagant and lewd——and by the grace of Col. Phayre he has been invested with all such epithets——we would not have been surprised and sorry for his present wretched condition. But our sorrow and surprise know no bounds when we see that the Gaikwad has been dethorned on the mere report of a Police Commissioner and for an offence of which there is not as yet any satisfactory evidence. It is a known fact that the police, as a rule, is incapable of arriving at the real truth and in the investigation of a case it oft times acts under the influence of imagination. The Lower Courts in this country act wisely in administering justice without relying on the evidence furnished by the police. But the India Government lost its temper when it heard that attempts were made to poison the Resident. We deeply regret that a calm and sedate Governor General like Lord Northbrook should have lost his temper and furnished an instance of high-handedness.

THE SAME.

(From the Indu Prokash, Bombay.)

As might be expected the Memorial from the inhabitant of Poona in relation to Baroda affairs has stirred up hostile criticism in certain quarters. The Poona movement was initiated entirely by the Sirdars and men of the old school The names of the persons who signed the circular, and the number and the names of those who attended the monster meeting held last Monday are sufficient to remove all doubt on this point. Similar movements are in progress in other cities, and in the face of such a genuine outburst of national feeling, we can afford to laugh at the petty spite of persons who cannot bear their sight, and who in their ignorance of the depth af sympathy felt by all classes for H. H Malhaaao in his present troubles, pour their wrath on the devoted heads of the educated Natives, who are charged with carrying on an agitation for the refurbishing of the old Maratha power. Would that the educated Natives had such power to charm multitudes by their spurious patriotism and their distempered thoughts! All the burning questions of the day will find an easy solution, if the educated Natives had such power over their fellow countrymen to sway them for their good. In the present case the multitude leads, and the so-called educated conspirators follow.

The *Bombay Gazette* expresses its surprise at the fact that nobody in Baroda should yet have thought of holding public meetings to thank Lord Northbrook for his kindness in relieving them of all bothersome cases and anxieties for their lives and fortunes, and to express their enthusiastic eagerness to be placed under the merciful protection of the sovereign power. We assure our contemporary that the Baroda people, bad as thy are, are not such great fools as to corget themselves to such an extent. Colonel Sir Lewis Pelly's high-handed dealings towards the Senapati, the Pandhreys and Phednis and Sirdars generally, his haste to set up the political inquisition at Baroda, which nearly brought on the Mutiny in our own territories, the consternation he has inspired among the army both regular by his determination to cut down the Military grant, and his equally threatening Commission about the charities, these mistakes of the new Government have not failed to give to the Baroda people a foretaste of the coming times, and we are quite satisfied in our own minds that a *plebiscitum* taken in the present mod of the subjects of that State would not show results at all flattering to the pride of the sovereign power. Baroda is of course gagged and cannot speak, and will not be allowed to speak till the dreaded trial is over.

THE SAME.

(From the Shomaj Durpun, Calcutta.)

The ominous clouds which were gathering over the state of Baroda have at last sent down a thunderbolt. The ancient Guickwad house is struck. Whole India is electrified. When Mr. Phayre tasted arsenic in the ...arbut, who dreamed of such a crisis? The investigation is over and Malhar Rao is found to be the abettor of a ... crime. He is suspended. The English Government has assumed the administra... his state. The Sattarah, Oudh, Punjab and other royal d... ues have one by one disappeared and now approaches ttirn of the Guickwad family. The East Indian Com... pursued a course of robbery and cruelty, but we hope... injustice will be done under the benign rule of our grac... Queen.

The present Guickad is a creature of strange circ... stances. Since his accession to the Guddee he has ... always surrounded by enemies. Colonel Phayre was ... mortal foe. He encouraged the people of Baroda to b... complaints against their sovereign. Even the very me... servants of the royal house were encouraged to form co... nations against him. Some of the members of the r... family are inimically inclined towards him. Who kn... if the poisoning case be a totally got up one? Thirst a... vengeance may lead men to the worst of crimes. Ma... Rao is a young man of unsuspicious nature. Designing ... can very easily form plots to effect his ruin.

The High Commission will decide whether Malhar ... is guilty or not, but the English Government has issue... curious Proclamation. The attempt to poison a Resid... is converted into a high crime against Government a... breach of the condition of loyalty to Her Majesty. ... cannot understand how the Guickwad can be accused of tre... and disloyalty. Is there any proof to suspect that he ... not entertain good will towards Her Majesty? Did he ... previously say to Sir Lewis Pelly that no one of his fam... was ever guilty of disloyalty to the British Governme... Our Government should act fairly with the poor fal... We are glad to read in the Proclamation that the na... Government of Baroda will be perpetuated, even if Mal... Rao be proved guilty. We earnestly pray that a jury co... posed of native rajas be formed to decide the case.

THE SAME.

(From the Bharat Sangskarak, 24 Pergannas, Bengal.)

In the line of conduct followed by Lord Northbrook towa... the Gaikwad we see the predominance of might over justi... for under what other principle than that of might is ... sovereign Prince, the ruler of an extensive territo... throned, without any trial on the mere suspicion of hi... implicated in the act of hostility towards the Para... Power? The English law lays down the broad princ... that a man is to be considered innocent until he is prov... guilty. But this principle has not been followed in the case ... the Gaikwad. If Mulhar Rao is proved guilty it will then ... considered whether he should be punished. But before h... guilt has been established, he has received a treatment wh... is not accorded even to the commonest British subj... Here we see the realization of the principle that migh... right. There are many who consider that this high-hande... action of Government has borne good fruit, for the Sirdar... and the people of Baroda have not evinced the least resistanc... But anything succumbs to the mighty power. And it is ... mistake to infer the existence of an inward contentment fr... the absence of any outward display of dissatisfaction. ... mighty sovereign in the fulness of publicly trampling justi... under feet can inspire the people with fear but never wi... confidence and ove.

THE SAME

(From the Dacca Prokash, Dacca.)

We do not understand the action of the Government i... dethroning the Gaikwad before bringing him under trial. It is true that Col. Phayre was the representative of th... Crown in the Court of Baroda. But can attempt to tak... his life (supposing such attempt was really made) ever b... deemed an act of hostility towards the Crown? If th... Guikwad had really intended hostility against the Govern... ment, he would have publicly taken arms and attempted ... kill the Col. He would never condescend to act the part o... an assasinator.

It is an act of grave injustice to depose the Gaikwad ... the report of Mr. Souter only, who, as an efficient Polic... officer, is well known to the people and the Governmen... His conduct in the late Bombay riots clearly proved hi... inefficiency and drew forth censure from the Government. On the evidence of such a man a sovereign independen... Prince has not only been dethroned but imprisoned also!

THE SAME.

(From the Hindu Hitoishinee Dacca.)

If Malhar Rao be proved guilty, let him undergo ... punishment, but why Government ceases to speak of Colo... Phayre? If a criminal deserves punishment, does not ... man who leads him to commit the crime deserve a gre... degree of punishment? Circumstanced as the Guic... was, the public has already forgotten his blemishes an... universal sympathy is created in his favor. Even take... granted that Malhar Rao is really guilty, we cannot hel... pathizing with the Guickwad as a helpless victim of ci... stances. The short stay of Colonel Phayre totally dem... lized the administration of the Baroda State. The Colo... opposed the Prince with all his might; he interfered wi... his acts, and by petty tyrannies rendered the Guic... the most miserable being in the world. The subjects ... encouraged to rise in mutiny against their prince and ... complaints were continually poured into the ears o... Supreme Government. Did the India Government take ... notice of such unbridled license? Shall the public under... that the Government secretly encouraged the unlawful c... of the Colonel? Malhar Rao is branded as a traitor, w... Colonel Phayre continues in the service of the Queen ... most probably he will be promoted.

The Guickwad is deposed but why? The poisoning case ha... to be yet decided, but why the punishment precedes the trial ... We cannot solve the enigma.

Government proclaims that every fair opportunity will be allowed to the prince to prove his innocence. We fear the fact of his being deposed will render him incapable of taking advantage of the opportunity. If, as many suspect, the poisoning case be the machination of a certain party to ruin him, his enemies will now be at full liberty to prepare ne... weapons against him. Whatever hope the prince may ent... tain of being restored to his throne, the public is alr... convinced that the Guickwad is doomed.

THE SAME.

(From the Someprokash, 24 Pergunnahs, Bengal ...

Like a pack of hungry Carpathian wolves, whe... pursuit of their prey, one Anglo-Indian paper first rai... a howl and his breathren respond to him in a chorus. A Bo... bay paper first raised an ominous, wild cry against the Gaik... wad and the whole of India resounded with the ech... of his brethren. The demolition of a native state is a pecu... liarly delicious treat to them and to their constituents. Alread... the Anglo-Indian editors have formed a court of Judgmen... amongst themselves and each according to his light has passe... a sentence on poor Malhar Rao. There was not a shado... of doubt as to the guilt of the culprit, for the criminal wa... a native and a Prince, having vast territorial possessions. Some ordered him to be hanged, while others more lenient, sentenced him to a live-long banishment. But we are not afraid of the venomless snakes which bite without corrupting the blood. It is Lord Northbrook who has alone the power either to ruin or to re-instate the poor prince. To us Lord Northbrook is an enigma. We can... solve him. The removal ...

বিজ্ঞাপন।

THE UNIVERSAL MEDICAL HALL
N. C. PAUL AND CO'S MOST WONDERFUL PILLS!

A Specific for chronic and malarious fevers, enlarged spleen and liver.

অত্যাশ্চর্য্য বটিকা !!

পুরাতন ও ম্যালেরিয়া অর্থাৎ সংক্রামক জ্বরের এবং প্লীহা ও যকৃত রোগের মহা-ঔষধ।

এ পর্য্যন্ত উপরোক্ত রোগাদির যে সকল ঔষধ প্রকাশ হইয়াছে তাহা অনেকে সেবন করিয়া প্রথমে আরোগ্য লাভ করেন পরে অল্প কালের মধ্যে পুনর্ব্বার পীড়িত হইতে প্রায় সর্ব্বদা দেখা যায়। এক প্রকারে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে ঐ সকল ঔষধ দ্বারা রোগ কেবল স্থগিত থাকে মাত্র, এক বারে রোগ বিনাশ হয় না। কারণ যে পর্য্যন্ত ম্যালেরিয়া বি শরীর হইতে নির্গত না হয় সে পর্য্যন্ত পুনর্ব্বার পীড়িত হইবার সম্ভাবনা থাকে। এই নিমিত্ত আমরা বহুতর বহুদর্শী ও সুবিখ্যাত চিকিৎসকের সহিত পরামর্শ করিয়া এই অত্যাশ্চর্য্য নামক রৌপ্যাবৃত বটিকা প্রকাশ করিতেছি। ক্রমাগত গত চারি বৎসরাবধি নানা প্রকার, পরীক্ষা দ্বারা ইহা জানিতে পারা গিয়াছে যে এই মহৌষধ সেবনে সহস্র সহস্র উল্লিখিত রোগাক্রান্ত ব্যক্তিগণ সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন, এমন কি যাঁহারা ইংরাজ চিকিৎসা বিরক্ত হইয়া বাঙ্গালা চিকিৎসায়ও আরোগ্য লাভ করিতে পারেন নাই, তাঁহারাও এই বটিকা সেবন করিয়া আরোগ্য লাভ করিয়াছেন। ইহা শরীর হইতে কুইনাইনের ও ম্যালেরিয়ার বিষ নির্গত করিবার এক প্রকার দৈব ঔষধ বলিলে বলা যাইতে পারে। প্রতি কৌটায় ৩০টা বটিকা আছে এবং উহা সেবনাদির নিয়মাবলি উহার সহিত আছে।

প্রতি কৌটার মূল্য ১॥০ টাকা ডাক মাশুল ৵০ আনা এই মাশুলে ২টা কৌটা অনায়াসে যাইতে পারে। অপর

আমরা বহু দিবসাবধি বিলাত হইতে ইংরাজী ঔষধাদি আনাইয়া অত্র নগরীতেও ভারতবর্ষের নানা স্থানে বিক্রয় ও প্রেরণ করিতেছি। এক্ষণে যে সকল মহোদয় উক্ত ঔষধাদির নিয়ম বিবেচনা করিয়া থাকেন ও সুলভ মূল্যে উক্ত ঔষধ ক্রয় করিতে ইচ্ছা করেন তাঁহাদিগেরনিকট আমাদিগের নিবেদন এইযে যখন যাহা প্রয়োজন হইবেক অনুগ্রহ করিয়া আমাদিগকে লিখিলে ও মূল্য প্রেরণ করিলে অতি সত্বর প্রেরণ করিব, ও ঔষধের মূল্যের মুদ্রিত তালিকা বিনা মূল্যে বিনা ডাক মাশুলে পাঠাইব এবং ঔষধাদি ভিন্ন অপরাপর দ্রব্য যাহা প্রয়োজন হইবেক তাহাও সুলভ মূল্যে ক্রয় করিয়া পাঠাইতে পারিব তাহার কমিসন শত করা ৫ পাঁচ টাকা মাত্র লইব।

এন, সী, পাল এণ্ড কোং
ইউনিভারশেল মেডিকেল হল।
২৮৩। ২৮৪ নং অপার চিৎপুর রোড
কলিকাতা, শোভাবাজার।

[illegible] ... ক মতে ক্ষত রোগের চিকিৎসা [illegible] আমি প্রস্তুত আছি। এযাবৎ অনেক [illegible] আরোগ্য করিয়াছি। অবধৌত [illegible]

শ্রীযুক্ত বাবু কালি মোহন [illegible] নিকট জানিতে পারিবেন। আপাততঃ আমি কুমারটুলি, সুরীপাড়া ২ নং বাটিতে অবস্থিতি করিতেছি।

বরিশাল চাঁদসী নিবাসী
শ্রীহরমোহন দাস
কবিরাজ।

পাইকপাড়া নরসারী।

এখানে বিবিধ প্রকার বিলাতী ফল ও ফুলের গাছ গাছকলম শাক শবজীর বীজ ইত্যাদি সুলভ মূল্যে পাওয় যায়। নিয়মিত গ্রাহকদিগকে বৎসর ১২ টাকা চাঁদা দিতে হয়। গ্রাহকগণ সমস্ত বৎসর বিনা মূল্যে সকল প্রকার দেশী ও বিলাতী শাকের বীজ পাইবেন। এতদ্ভিন্ন অতি সুলভ মূল্যে ভাল২ কলমের গাছ পাইতে পারিবেন। মফস্বলের গ্রাহকদের প্যাকিং চার্জ্জ দুই টাকা বেশী লাগিবে। এই ফল ফুল ও শাক সবজীর বাগানটি যাহাতে দেশীয় মহৎ ব্যক্তি দিগের দ্বারা প্রতিপালিত হয় ইহাই আমার বিনীত ভাবে প্রার্থনা, নারসেরিতে যত প্রকার ফল ও ফুল গাছ আছে তাহার তালিকা ও মূল্যের নিয়ম আমার নিকট লিখিলে পাইতে পারিবেন।

শ্রীনৃত্য গোপাল চট্টোপাধ্যায়।
পাইকপাড়া রাজ বাটির নিকট।
কলিকাতা।

শিক্ষা নবিসের পদ্য।
শ্রীঅক্ষয় চন্দ্র সরকার প্রণীত।

প্রসিদ্ধ ইংরাজ কবি বায়রণের অনুবাদ ও অনুকরণ। মূল্য ।৵ ডাকমাশুল ⁄ আনা। বিদ্যালয়ের ছাত্রগণের পাঠ্যোপযোগী। এই পুস্তক খান, চুঁচড়া সাধারণী যন্ত্রালয়ে ও কলিকাতা ক্যানিং লাইব্রারিতে প্রাপ্তব্য।

ঋতুবর্ণন।
শ্রীগঙ্গাচরণ সরকার বিরচিত।
মূল্য ।৵, ডাক মশুল ⁄ আনা।

বিদ্যালয়ের উচ্চতম শ্রেণীর ছাত্রগণের পাঠ্যোপযোগী। এই পুস্তক খান, চুঁচড়া সাধারণী যন্ত্রালয়ে ও কলিকাতাক্যানিং লাইব্রেরিতে প্রাপ্তব্য।

বঙ্গ দেশান্তঃপাতি ফোর্ট উইলিয়াম স্থিত হাইকোর্ট সাধারণ আদিম দেওয়ানী বিভাগের সন ১৮৭৪ সালের ২১০ নম্বরের মোকদ্দমা যাহাতে নবীন চন্দ্র গঙ্গোপাধ্যায় বাদী এবং দ্বারকা নাথ ঘোষ এবং অন্যান্য ব্যক্তিগণ প্রতিবাদী উক্ত মোকদ্দমার সন১৮৭৪ সালের ১৬ই এপ্রেল তারিখের ডিক্রি অনুসারে আগামী ফেব্রুয়ারী মাসের বিশে তারিখে অপরাহ্ণ দুই ঘটিকার সময় উক্ত আদালতের রেজিষ্টার সাহেব কর্ত্তৃক উক্ত আদালতস্থিত রেজিষ্টার সাহেবের নীলাম ঘরে নিম্ন লিখিত সম্পত্তি নিশ্চয় বিক্রয় হইবে। যথা;

সহর কলিকাতার হোগল কুড়িয়া হরি ঘোষের ষ্ট্রীট স্থিত সাবেক ২৯ নম্বর বর্ত্তমান ৭৭ নম্বরের ইষ্টক নির্ম্মিত কতক অংশ এক তালা এবং কতক অংশ দোতালা গৃহের দরবস্তু হকুক সমেত ন্যূনাধিক সাত কাঠা জমী। উক্ত গৃহ এবং জমীর সীমানা পূর্ব্বে হরিঘোষের ষ্ট্রিট, দক্ষিণে দুর্গা চরণ মিত্রের ষ্ট্রিট এবং পশ্চিমে এবং উত্তরে সরকারী ড্রেণ।

যেহেতু স্বত্ব সম্বন্ধীয় কোন প্রকার আপত্তি দ্বারা অথবা সম্পত্তির চৌহদ্দি আদি বিবরণে কোন ভুল [illegible] নীলামে [illegible] প্রতিবন্ধক ঘটিবে না। অতএব যাঁহারা খরিদ করিতে ইচ্ছা করেন অনুগ্রহ করিয়া উক্ত সম্পত্তি সম্বন্ধীয় স্বত্ব এবং উহার বিবরণ ইত্যাদির সন্তোষ জনক প্রমাণ পাইবার জন্য রেজিষ্ট্রার সাহেবের আফিসে স্বত্বের চুম্বক পত্র পুস্তকে পাঠ ও দৃষ্টি করিবেন। এবং বাদীগণের য়্যাটর্ণী এসপ্লেনেড রো [illegible] সাহেবদিগের আফিসে স্বত্ব সম্বন্ধীয় মূল দলীল সকল দৃষ্টি ও অবলোকন করিতে পারিবেন।

নীলামের নিয়ম সকল রেজিষ্টার সাহেবের আফিসে দেখা যাইতে পারিবে।

কলিকাতা হাইকোর্ট রেজিষ্টারের আফিস } সি, টি ডেভিস একটিং রেজিষ্টার।
C. T. Davis
Officiating Registrar.

WANTED

A competent Mechanical Engineer for Searsole Colliery. Salary Rupees one hundred monthly a Bunglow to remain free and travelling allowance for the Moffussel Colliers. Apply with *copies* of testimonial to *Ramessur* Malish No. 6 Cullen Place Howra.

মফস্বলের মূল্য প্রাপ্তি

শ্রীযুক্ত বাবু গৌর গোপাল সিং পাঁচতোগা, সাঁইথিয়া ১০
‘ ‘ খুদিরাম বিশ্বাস প্রতাপ গঞ্জ ভাগলপুর ১০
‘ ‘ প্রসন্ন চন্দ্র রায় পাবনা ৫
‘ ‘ শশীভূষণ ঘোষ কাঁথি ১০
‘ ‘ অক্ষয় কুমার চট্টোপাধ্যায় গোহাটি ১০
‘ ‘ হারান চন্দ্র চক্রবর্ত্তি রহমৎপুর বরিশাল ৫
‘ ‘ উমাচরন রায় চট্টগ্রাম ৫
‘ ‘ শ্যামাচরণ মুখোপাধ্যায় শিবপুর ৮
‘ ‘ কিশোরি নারায়ণ ঘোষ ইসলামপুর ঢাকা [illegible]
‘ ‘ মহেশচন্দ্র মুখোপাধ্যায় আম্বালা ৫॥০
‘ ‘ রাজা পরেশ নারায়ণ রায় বাহাদুর পুটিয়া ১০
H. Gillon Esqr, Nurrail Rs. 5 2½as.
শ্রীযুক্তবাবু মহেন্দ্র নাথঘোশাল কল্যানপুর, বারাশত ১০
‘ ‘ রজত শিকর বন্দোপাধ্যায় গদ্দা, নয়া দমকা ১০
‘ ‘ মিয়া আবদুল সোবান সাকেদা, মল্লার পুর ১০
‘ ‘ মহেশ চন্দ্র দোদে বেলেডাঙ্গা, কলারা ৩
‘ ‘ কুমার মহেন্দ্র লাল খাঁ নারাজোল, মেদিনিপুর ১০
‘ ‘ রামকৃষ্ণ মুখোপাধ্যায় বগুলা ৫
‘ ‘ ক্ষেত্র মোহন সেন টুণ্ডলা ষ্টেশন ৫
‘ ‘ আশুতোশ লাহিড়ি কাতলা গাড়ি জলিপুর ৫
‘ ‘ নীল মাধব চট্টে পাধ্যায় ৫৫ রেজি, রাঁচি ৫
‘ ‘ যদুনাথ বন্দোপাধ্যায় আরা ৫
‘ ‘ মথুরা মোহন পাল চৌধুরি কৃষ্ণনগর ১০
‘ ‘ কৃষ্ণনাথ সরকার জায়নাবাদ কুষ্টীয় ৫
‘ ‘ দীন নাথ সেন গোহাটি ১৬
‘ ‘ এক কোড়ি সিং ত্রিবেণি ১০
‘ ‘ কুমার কেদার নারায়ণ রায় বাহাদুর পুটিয়া ১০
‘ ‘ গোকুল চন্দ্র দূগার বালুচর ৫॥০
‘ ‘ ঈশান চন্দ্র বক্সি ধুবড়ি ১৸০
‘ ‘ কেদার নাথ মিত্র নওয়াগঙ্গ, বনডেলখণ্ড ৫
‘ ‘ প্রসন্ন কুমার চৌধুরি ট্যাঙ্গাইল, মাইমনসিং [illegible]
‘ ‘ নশিরাম মুখোপাধ্যায় পাটিকা বাড়ি [illegible]
‘ ‘ সারদা চরণ মজুমদার পাবনা ৫
‘ ‘ চন্দ্রকুমার দাস মুনশীগঞ্জ ১০
‘ ‘ শম্ভুনাথ মিশ্র ত্রিপুরা [illegible]
‘ ‘ অচ্যুতা চরণ দাস নবিগঞ্জ ৪
‘ ‘ নিলমনী চট্টোপাধ্যায় কোচবিহার ১০
‘ ‘ মধুসুদন রায় চৌধুরি কুণ্ডিসদ্য পুষ্করণী রংপুর ১০
‘ ‘ মদন মোহন তেওয়ারি বেরিহাট, [illegible] ১০
‘ ‘ কালিপদ রায় চৌধুরি বড়িসা, [illegible]
‘ ‘ গোলাম আলি চৌধুরি হাটুরিয়া [illegible] ১০
‘ ‘ নবিন চন্দ্র সিদ্ধান্ত কালিগঞ্জ রংপুর ২
‘ ‘ মৌলবি মহম্মদ রশীদখাঁ চৌধুরি [illegible] ১০
‘ ‘ জানকী নাথ গঙ্গোপাধ্যায় পার্ব্বতীপুর দিনাজ পুর [illegible]
‘ ‘ রাম গোপাল সেন ভাগলপুর ৫
‘ ‘ চন্দ্র মোহন রায় চৌধুরি সদ্যপুষ্করণী রংপুর ১০
‘ ‘ নবদ্বীপ চন্দ্র মণ্ডল কালনা [illegible]
‘ ‘ রাম লাল মুখোপাধ্যায় বর্দ্ধমান ১০
‘ ‘ গদাধর সেন রামজীবনপুর [illegible]
‘ ‘ রামহরি সান্যাল হাবড়া [illegible]
‘ ‘ গৌরগোপাল রায় শ্রীদামপুর [illegible]
‘ ‘ হরি মোহন দে বিলাসপুর, কাঁথি [illegible]
‘ ‘ কমলা কান্ত অধিকারী ই, ই, রেল [illegible]
‘ ‘ মনোমোহন চৌধুরি মঙ্গলপুর, [illegible]
‘ ‘ বেনি মাধব ঘোষ রাজনগর [illegible]
‘ ‘ হরি নাথ মুখোপাধ্যায় ব্রজবল্লভপুর [illegible]
‘ ‘ প্রাণনাথ মিত্র দিনাজপুর [illegible]
‘ ‘ শ্রীরাম বন্দ্যোপাধ্যায় [illegible]
‘ ‘ উমেশ চন্দ্র মজুমদার [illegible]
‘ ‘ নীল কোমল নন্দন [illegible]
‘ ‘ বিপীন চন্দ্র চৌধুরী [illegible]
‘ ‘ নবীন চন্দ্র বন্দ্যোপাধ্যায় [illegible]
‘ ‘ মধুসূদন বন্দ্যোপাধ্যায় গোপালপুর [illegible]

—"কান্দিস্থ জনৈক বাসন্দা" লিখিয়াছেনঃ—"আমি কৃতজ্ঞতার সহিত জানাইতেছি, জেমুয়ার সম্ভ্রান্ত ভূস্বামী শ্রীযুক্ত বাবু নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী মহাশয় তাঁহার নিজ বাটীতে এখানকার যাবদীয় সম্ভ্রান্ত ব্যক্তিগণকে আহ্বান পূর্ব্বক বহুতর ছাত্রদিগকে পারিতোষিক বিতরণ করিয়াছেন। তিনি যে এ কার্য্য এবার নূতন করিলেন এমত নহে। প্রতি বৎসরেই কান্দি আদর্শ বিদ্যালয়ের ও নিজ বাটিস্থ বাঙ্গালা স্কুলের ছাত্রদিগকে এই রূপ মহা সমারোহের সহিত নিজ ব্যয়ে পারিতোষিক দিয়া তাহাদের উৎসাহ বর্দ্ধন করিয়া থাকেন। আদর্শ বিদ্যালয়ের অবস্থা ইদানীন্তন হীন হইয়া ছিল। ছাত্র সংখ্যা এত কম হইয়াছিল যে বিদ্যালয়টী উঠিয়া যাইবে এই রূপই অনেকের মনে উদয় হইয়াছিল। কিন্তু বদান্যবর ভূস্বামী মহোদয় নিজ ব্যয় হইতে অনেক গুলি ছাত্রের বেতন দিতে আরম্ভ করিয়াছেন, এবং যাহাতে স্কুলটী পুনর্জ্জীবন প্রাপ্ত হয় তাহাতে বিশেষ মনোযোগ করিতেছেন। ফলতঃ আমাদের এতদ্দেশে প্রোক্ত ভূস্বামীর ন্যায় সম্পত্তিশালী ভূম্যধিকারি আরো কয়েকটী আছেন। তাঁহারা বিদ্যালয় সম্পর্কীয় কার্য্যে ঐ রূপ উৎসাহ প্রদান করিলে এ দেশের কত উন্নতি হয় বলা যায় না।"

—গ্রাণ্ট ডফ সাহেব কলিকাতায় আগমন করিয়াছেন। তিনি গবর্ণমেণ্ট হাউসে অবস্থিতি করিতেছেন।

—গাইকাড় রাজ্যের খরচ তত্ত্বাবধানের জন্য একটী কমিশন বসিয়াছে। পেলি সাহেব উক্ত কমিসনের প্রেসিডেণ্ট এবং রিস সাহেব অ্যাসিষ্টাণ্ট প্রেসিডেণ্ট হইয়াছেন।

—এত গোলোযোগের মধ্যে বরদা রাজ্য সম্বন্ধীয় কোন বিষয়ই স্পষ্ট জানা যাইতেছে না। বোম্বাই টাইম্‌স পত্রিকা বলেন, গাইকাড়ের সৈন্যর দুই বৎসরের বেতন বাকি পড়িয়াছে। আবার বোম্বাই গেজেট বলেন, টাইম্‌সের কথা মিথ্যা, গাইকাড়ের সৈন্যগণ তিন মাস বেতন পায় নাই।

—সারজেণ্ট ব্যালানটাইন সাহেব গাইকাড়ের পক্ষে কৌঁসলী হইয়া আসিতেছেন। ইহাতে ইংরেজী কাগজে সকলের ভারি ভয় হইয়াছে। বোম্বাই গেজেট বলেন, ব্যালানটাইন সাহেব হিন্দু আইন ভাল জানেন না, অতএব তাঁহার দ্বারা গাইকাড়ের কোন উপকার হইবে না। বোম্বাই গেজেটের সম্পাদক নিজে বুঝি গাইকাড়ের পক্ষ সমর্থন করিতে চাহেন।

—শুনা যাইতেছে গ্রাণ্ট ডফ সাহেব আগামী ১১ই জানুয়ারি পর্য্যন্ত কলিকাতায় থাকিবেন, তৎপর স্বদেশাভিমুখে যাত্রা করিবেন।

পত্র প্রেরকের প্রতি।

"কন্যাসিং নগর নিবাসিনঃ"—আপনার পত্র খানি ছাপিবার আমাদের কোন আপত্তি নাই, বরং এরূপ পত্র প্রকাশিত না হওয়াই অন্যায়, কিন্তু আপনি একটা মস্ত ভুল করিয়াছেন। কোন পোষ্টাফিষ এবং কোথাকার পোষ্টাল ইনস্পেক্টর সম্বন্ধে আপনি লিখিয়াছেন তাঁহার উল্লেখ করেন নাই। এই দুইটি বিষয় এবং আপনার নামটী আমাদিগকে জানাইলে আপনার পত্র খানি প্রকাশিত হইবে।

শ্রী পাঠকস্য, জঙ্গিপুর—এখানে এক জন নেটিব ডাক্তার আছেন। ইহার নাম লালন চন্দ্র মৈত্র কিন্তু পত্র প্রেরক বলেন যদিও ইহার নাম লালন চন্দ্র, কিন্তু রোগীর লালন পালনে ইনি তত তৎপর নন। অনেক স্থলেই ইহাকে অকৃতকার্য্য হইতে দেখা যায় এবং পত্র প্রেরক আশঙ্কা করেন পাছে "শতে মারী ভবেৎ বৈদ্য সহস্র মারী চিকিৎসক" এই প্রবাদ ডাক্তার বাবুর দ্বারা কার্য্যে পরিণত হয়। পত্র প্রেরকের শুদ্ধ ডাক্তার সাহেব চিকিৎসা করেন সে সম্বন্ধেও দুটি পাঁচটি কথা বলা কর্ত্তব্য ছিল।

হরি চরণ চক্রবর্ত্তী, মালঞ্চী, পাবনা—মুক্তাগাছার জমিদার শ্রীযুক্ত বাবু অমৃত নারায়ণ আচার্য্য চৌধুরী মহাশয় "ভাদ্রোদ্বাহ" কাব্যের নিমিত্ত ৫ টাকা পারিতোষিক প্রদান করায় পত্র প্রেরক তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছেন।

ভা, দু, দারজিলিং—"সরোজিনী" নামক এক খান মাসিক পত্রিকার উপর বিরক্ত হইয়া আমাদিগকে জিজ্ঞাসা করিয়াছেন যে, এ পত্রিকা খানি বাহির করিবার উদ্দেশ্য কি? সরোজিনী পত্রিকা আমরা কখন দেখি নাই, সুতরাং ইহার সম্বন্ধে আমরা কোন কথাই বলিতে পারি না।

শ্রী কে, জোড়াদহ—যে ঘটনা প্রকাশার্থে পাঠাইয়াছেন তাহা ভদ্রলোকের পাঠ্য নহে। আর আপনি লিখিয়াছেন যে, দোষী ব্যক্তিকে ঝিনাইদহার মাজিষ্ট্রেট চারি বৎসরের নিমিত্ত কারাগারে প্রেরণ করিয়াছেন, কিন্তু প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটরাও তিন বৎসরের বেশী কাহাকে ফাটকে দিতে পারেন না।

শ্রীহর চন্দ্র রায়স্য—পত্র খানির উপরে সুদীর্ঘ ছন্দে মোটা ২ অক্ষরে 'আশ্চর্য্য সংবাদ!' এই কথাটি লিখিত হইয়াছে আমরা কৌতুহলাক্রান্ত হইয়া পত্র খানি পাঠ করিতে গেলাম। পত্র প্রেরক তাহার পত্র খানি এইরূপে আরম্ভ করিয়াছেন "সম্পাদক মহাশয়, আমার নাম শ্রী হর চন্দ্র রায়। আমার পিতার নাম মহিমা চন্দ্র রায়। ইনি কয়েক মাস অতীত হইল, পরলোক গত হইয়াছেন।" তৎপর ইহার পিতার বিদ্যা, বুদ্ধি ও সৌজন্যের প্রশংসা করিয়া পত্র প্রেরক ইহার পিতামহের পরিচয় দিয়াছেন। ইনি চিকিৎসা ব্যবসায় করিতেন ও ইহার না কি এমন ক্ষমতা ছিল যে অন্তর্জ্জলী রোগীকেও বাঁচাইতে পারিতেন। ইনি ধন্বন্তরীর নিকট হইতে সাক্ষাৎ কি পরোক্ষ ভাবে বর প্রাপ্ত হইয়াছিলেন কি না পত্র প্রেরক সে সম্বন্ধে আমাদিগকে কিছু বলেন নাই। পত্রপ্রেরক তাহার গোষ্ঠির বর্ণনা এখানে ক্ষান্ত দেন নাই। তাহার পিতার কয় জন ভ্রাতা আছেন এবং তাহারা তাহার প্রতি কিরূপ অসদ্ব্যবহার করিতেছেন তাহাও তিনি লিখিয়াছেন। এত খানি লিখিতে পত্রপ্রেরকের প্রায় চারি তক্তা কাগজ পুরিয়া গিয়াছে। তৎপর তিনি আশ্চর্য্য সংবাদের বিষয় লিখিয়াছেন। সৌভাগ্য ক্রমে এই ঘটনাটি তিনি অল্পের মধ্যে সারিয়াছেন। ইহার স্থূল মর্ম্ম এই। ইহাদের গ্রামে একটি গাভি একটি বৎস প্রসব করিয়াছে। বৎসের মস্তকের উপর একটি অর্দ্ধ হস্ত পরিমাণ জট উঠিয়াছে। পত্র প্রেরক চার বার আমাদিগকে অনুরোধ করিয়াছেন "সম্পাদক মহাশয়, আমার সংবাদটা অবশ্য২ ছাপাইবেন, দোহাই আপনার।" আমরা তাহার অনুরোধ রক্ষা করিলাম।

প্রেরিত।

পোষ্টাল ইনস্পেক্টর কোলথার্ষ্ট সাহেবের অবিচার।

মোটা বেতনধারী সুতরাং যাঁহারা বড় লোক তাঁহাদের সম্বন্ধে আমাদের এই রূপ বিশ্বাস ছিল যে, তাঁহারা যে সকল কার্য্য করেন তাহা প্রায়ই ভ্রান্তিশূন্য এবং বিচার সঙ্গত। কিন্তু সম্পাদক মহাশয়, আজ কাল পোষ্টাল বিভাগের বড় লোকদিগের নূতন রকমের বিচার দেখিয়া শুনিয়া আমাদের মন হইতে দিন দিন সে বিশ্বাসের মূলোচ্ছেদ হইতেছে। আমাদের ক্ষুদ্র বুদ্ধিতে ইহাই জানিতাম যে, যে সকল ভৃত্য কর্ম্মঠ, নির্দ্দোষী, সকল ভৃত্যই প্রভুর নিকট প্রকৃত আদরের এবং পুরস্কারের পাত্র। কিন্তু অধুনা দেখিতেছি যে, আমাদের পোষ্টাল বিভাগের কতক গুলি বড় লোকদিগের কমল নয়নে ঐরূপ ভৃত্যরাই বালুকা স্বরূপ হইয়া উঠিয়াছে। রাণাঘাট, শান্তিপুর এবং উলা এই তিনটী কৃষ্ণনগর জেলার মধ্যে গণ্ডগ্রাম। সুতরাং এই কএক স্থানে যে কএকটী পোষ্টাফিস আছে তাহাতে কার্য্যও বিস্তর। এমন কি এই সকল স্থানের ডেঃ পোষ্টমাষ্টারদিগের সময়ে সময়ে কার্য্য বাহুল্যে উপযুক্ত কালে স্নানাহারও হইয়া উঠে না। এমন স্থলে এই সকল কর্ম্মচারীদিগের বেতনের সম্বন্ধে পোষ্টাল বিভাগের কর্ত্তৃপক্ষীয়দিগের একটু বিবেচনা করা উচিত। কেননা তাঁহাদিগের যে বেতন নির্দ্ধারিত আছে তাহা কখনই ভদ্র লোকের এতাধিক পরিশ্রমের উপযুক্ত নহে। কিন্তু সে বিবেচনা দূরে থাকুক প্রত্যুত ইতি পূর্ব্বে ঐ সকল ডেঃ পোষ্ট মাষ্টারদিগের যে বেতন ছিল তাহা হইতেও কমান হইতেছে। কিছু দিন হইল উলার ডেঃ পোষ্ট মাষ্টারের ২০ টাকা বেতন হইতে ১০ টাকা করা হইয়াছে। আবার শুনিলাম যে, কৃষ্ণ নগর বিভাগের ইনেস্পেকটিং পোষ্ট মাষ্টার কোলথার্ষ্ট সাহেব সূক্ষ্ম বিবেচনা করিয়া রাণাঘাটের ডেঃ পোষ্ট মাষ্টারের ৪০ টাকা মাত্র বেতন হইতে ১০ টাকা কর্ত্তন করিয়া কুষ্টিয়ার ডেঃ পোষ্ট মাষ্টারের বেতন বৃদ্ধি করিয়াছেন। কুষ্টিয়ার ডেঃ পোষ্ট মাষ্টারের কার্য্য বিস্তর, সুতরাং তাঁহার বেতন বৃদ্ধি উপযুক্তই হইয়াছে। কিন্তু কোলথার্ষ্ট সাহেব যে কি বিবেচনায় রাণাঘাটের ডেঃপোষ্টমাষ্টারের বেতন কমাইলেন তাহা ত আমাদের ন্যায় সামান্য জনের বিদ্যা বুদ্ধি র অগোচর। কৃষ্ণনগর জেলার ভিতর রাণাঘাট একটী প্রধান সবডিবিসন। এখানে কএক ঘর সমৃদ্ধিশালী জমিদারের বাস স্থান, এখানকার অধিবাসীর সংখ্যাও প্রায় নয় দশ হাজার, এতদ্ভিন্ন রাণাঘাট হইতে এক খানি সম্বাদ পত্র বাহির হইয়া থাকে, সুতরাং এখানকার পোষ্ট আফিসের কাজ যে কত অধিক তাহা এক জন পঞ্চমবর্ষ বয়স্ক বালকেও সহজে অনুভব করিতে সমর্থ। আবার বিগত ১ লা ডিসেম্বর মাস হইতে রেল গাড়িতে রাত্রিকালে রাণাঘাটে যে ডাক যাতায়াত করিবার নিয়ম হইয়াছে তন্নিমিত্ত ডেঃ পোষ্টমাষ্টারকে প্রায় সমস্ত রাত্রিই জাগরণ করিতে হয়। ইন্‌স্পেকটিং পোষ্ট মাষ্টার তবে কি এই সকল পরিশ্রম হিসাবের পুরস্কার স্বরূপ এখানকার ডেঃ পোষ্টমাষ্টারের বেতন কমাইলেন? সম্পাদক মহাশয়, কেবল যে এখানকার ডেঃ পোষ্টমাষ্টারের বেতন কাটিয়া এ বিভাগের বিধাতা পুরুষের লেখনী নিবৃত্ত হইয়াছে তাহাও নহে। আবার আফিসের কায বাড়িল দেখিয়া এক জন পিয়নের সংখ্যাও কমান হইয়াছে! যাহা হউক আমরা পোষ্টাল বিভাগের কর্ত্তৃপক্ষীয়দিগকে অনুরোধ করি যে রাণাঘাটের ডেঃ পোষ্টমাষ্টারের প্রতি তাঁহারা একটু করুণ নয়নে দৃষ্টিপাত করুন। এখানকার বর্ত্তমান ডেঃ পোষ্টমাষ্টারের কার্য্য শৃঙ্খলতা গুণে গ্রামস্থ সকল লোকেই পরিতুষ্ট হইয়াছেন। সুতরাং এতাদৃশ কার্য্য কুশল ভদ্র লোকের প্রতি এ রূপ ঘোর অবিচার অতীব দুঃখের বিষয়।

রাণাঘাট } একান্ত বশম্বদ
২৭ সে জানুয়ারি ১৮৭৫ } জনৈক গ্রামবাসী।

উদ্ধৃত।

বাঙ্গালীর বাহুবলের আবশ্যকতা।

(সাধারণীর প্রাপ্ত পত্র)

পৃথিবীস্থ সকল ব্যক্তির, সকল জাতির, সকল জীবের পক্ষেই যে শারীরিক বল আবশ্যক ইহা সকলেরই স্বীকার করা কর্ত্তব্য। তথাচ আজি কালি কতক গুলি লোক বলিয়া থাকেন যে "বাঙ্গালিদের বাহু বলের আবশ্যকতা নাই"। বঙ্গদেশে এই নূতন জীবনের সঞ্চার হইতেছে, অনেকেরই শারীরিক উন্নতির দিকে দৃষ্টি পড়িয়াছে, এ সময়ে ও রূপ কথায় (সকলে না হউক, অনেকে না হউক) কেহ কেহ যে ভগ্নোৎসাহ

সম্প্রদায়ের নিকট আমাদের কর যোড়ে নিবেদন যে তাঁহারা নিজ যাহা ইচ্ছা হয় করুন, যদ্দৃচ্ছে তাকিয়া ... অমুকিয় ... করুন, তাঁহাদিগকে কেহই বিরক্ত করিবে না। কিন্তু ঐ রূপ 'আজগুবি' মত গুলি সাধারণ সমক্ষ প্রকাশ করিয়া 'পরের যাত্রা ভঙ্গ' না করেন। 'আমাদের বাহুবলের প্রয়োজন নাই, ইংরাজ বাহাদুর আমাদের রক্ষা করিতেছেন' এ কথা বলিলে সম্ভবতঃ সাহেবগণ সন্তুষ্ট হইতে পারেন, কিন্তু ইহাতে যে কত জাতি কুটুম্বের অনিষ্ট করা হয় তাহা কি একবার উক্ত মতের প্রচারকগণ ভাবিয়াও দেখেন না? বাঙ্গালীর বাহুবলে প্রয়োজন আছে কি না তাহা চিন্তাশীল ব্যক্তি মাত্রেই বুঝিতেছেন; তথাচ তৎ সম্বন্ধে দুই এক কথা নিম্নে বলিলাম।

১। বঙ্গ দেশে নানা সম্প্রদায় আছে, নানা জাতীয় ও নানা ধর্মাক্রান্ত লোক দেখা যায়। ইহাদের মধ্যে যে আন্তরিক একতা নাই এবং এক সম্প্রদায় অন্য সম্প্রদায়ের উপর অত্যাচার করিতে সুবিধা পাইলে ছাড়েনা তাহা সকলেই জানেন। এই রূপ অত্যাচার যে বাঙ্গালিদিগকেই অধিক সহ্য করিতে হয় ইহা কে অস্বীকার করিবে? দৌর্ব্বল্যই আমাদের এ দুর্দ্দশার একমাত্র কারণ। চুঁচুড়ায় জন কতক নামকাটা গোরা আসিয়া নগর শুদ্ধ অস্থির, কাহাকে মারিল, কাহারও জিনিষ পত্র কাড়িয়া লইল, কাহারও অন্দরে গিয়া উপদ্রব করিল, লোকের বাজার ঘাট বন্দ, স্ত্রীলোকদের গঙ্গাস্নান বন্দ। খিদিরপুরে সে দিন জন পাঁচ ছয় ফিরিঙ্গি যাহা করিল তাহা কাহারও অগোচর নাই। এক বার শুনা গেল জন কতক দস্যু ফকীর বেশে গ্রামে২ বেড়াইতেছে এবং লোকের বাড়ি ঘর কখনও বা গ্রামকে গ্রাম লুট করিতেছে। লাল বাজারে যদি একটা 'লেফার' মাতাল হয় তবে বাঙ্গালিদের সে পথে আর চলিবার যো নাই। ইঞ্জিনিয়ারিং কলেজের বাঙ্গালী ছাত্রের গড়ের মাঠে জরীপ শিখিতে গেলেন, কয়েক জন ফিরিঙ্গী বালকের সঙ্গে বিবাদ হইল, বাঙ্গালী ভা, ... উত্তম মধ্যম প্রাপ্ত হইয়া কাঁদিতেং সট্‌ক্লিফ সাহেবের শরণ লইলেন। বাঙ্গালীদের এরূপ অত্যাচার সহ্য করিবার উদাহরণ সহস্রং পাওয়া যায়। কিন্তু বাঙ্গালীর যদি শরীরে বল থাকিত, মনে সাহস থাকিত, অঙ্গ শক্ত হইত, বাঙ্গালী যদি বন্দুক, তলওয়ার, লাঠি প্রভৃতির ব্যবহার জানিত তাহা হইলে কি নিজের ঘরে বসিয়া তাহাদিগকে এই সকল অত্যাচার সহ্য করিতে হইত?

২। প্রবল জাতির সহিত দুর্ব্বল জাতির ঘনিষ্ঠতা হইলে দুর্ব্বল জাতি ক্রমেই লোপ প্রাপ্ত হয়। ইংরাজদের সহিত আমাদের দিন দিন নৈকট্য বাড়িতেছে। এখনও যদি আমরা ইংরাজদিগের তুল্য বল বীর্য্য পাইবার চেষ্টা না করি তবে যে আমাদিগের বিলুপ্ত হইতে হইবে তাহার আর সন্দেহ নাই। কিন্তু এই আসন্ন বিপদ হইতে রক্ষা পাইবার চেষ্টা করিবার এখন পর্য্যন্ত আমাদের সময় আছে। তাই বলি যাহাতে ইংরাজদের তুল্য বলিষ্ঠ হইতে পারি তাহার চেষ্টা এই সময় করা আমাদের অতীব কর্ত্তব্য।

৩। বিলাতে কাহারও কাহারও মত যে ভারতবর্ষে একটি ইংরাজ উপনিবেশ সংস্থাপিত হয়। যদিও পার্লিমেন্ট অদ্যাপি এ প্রস্তাবে সম্মত হন নাই তথাচ এটি ভবিষ্যতে ঘটিতে পারে না এরূপ বলা যায় না, বরং ঘটিবারই সম্ভাবনা অধিক। এ দেশে বাস করিতে হইলে অশিক্ষিত ছোট লোকই যে অধিক আসিবে তাহার আর সন্দেহ নাই। অশিক্ষিত ইংরাজ যে কি ভয়ঙ্কর জিনিষ তাহা বোধ হয় আর বলিবার আবশ্যক নাই। শত শত প্রহরী পূর্ণ কলিকাতাতেই যখন ... 'কেপিশ' ... হুলস্থুল পড়িয়া যায় তখন ... যদি ঝাঁকে ঝাঁকে অরক্ষিত ... কি ... প্রাণ, মান বাঁচান ... ঘরে মারিবে ...

সতীত্ব থাকা কঠিন হইবে। সম্ভবতঃ সাক্ষাতে স্ত্রী, কন্যা, ভগিনী প্রভৃতির অপমান দর্শনে অনেককে আত্মঘাতী হইতে হইবে। এ কথাগুলি এখন অমূলক উপন্যাসের ন্যায় বোধ হইতেছে কিন্তু অশিক্ষিত ইংরাজের পক্ষে ইহার কোনটিই দুঃসাধ্য নহে। হয় ত দুদিন পরেই এই গুলি আমাদিগকে চক্ষে দেখিতে হইবে। তখন উপায়? আদালতে যাইবে? সেখানে পাঁচ শত বাঙ্গালীর সাক্ষ্য অপেক্ষা যে দুই জন হ্যাট কোট্‌ধারী "যুধিষ্ঠিরের" কথা অধিকতর প্রামাণ্য, তাহার আর সংশয় নাই। সুতরাং সে পথেও কাঁটা। তখন এক মাত্র উপায় কেবল যাহা পাও তাহাই ফেরত দিবার চেষ্টা করা। চারি ঘার পরিবর্ত্তে যদি দুই ঘা দিতে পার তাহা হইলেও উপদ্রবের অনেক লাঘব হইবে। তাই বলি বাঙ্গালীর নিশ্চিন্ত থাকা উচিত নহে, শারীরিক বলের উৎকর্ষ সাধনে যত্নবান হওয়া অতীব কর্ত্তব্য।

৪। যে ইংরাজ জাতির প্রতাপের চিহ্ন এখন পৃথিবীর সর্ব্ব স্থানেই দৃষ্টি গোচর হয় তাহারাই বহুকাল পর্য্যন্ত রোমক দিগের অধীনে ছিলেন, এবং বহু দিন পরাধীন থাকিতে তাঁহাদের বল বীর্য্যের অনেক লাঘব হইয়াছিল। আমাদের ন্যায় এত না হউক তাঁহারা অনেকটা দুর্ব্বল ও নিরীহ হইয়া পড়েন। অবশেষে রোমক দিগের নিজ রাজ্য শত্রু দ্বারা আক্রান্ত হইলে যখন তাঁহারা ইংলণ্ড পরিত্যাগ করিয়া গেলেন। তখন ইংরাজদের যেরূপ দুর্দ্দশা হইয়াছিল তাহা কাহারও অবিদিত নাই। অতএব যখন সকল বিষয়েই আমরা তাহাকে দেখিয়া কাজ করি, তখন এ বিষয়টিতেও আমাদের ইংরাজকে দৃষ্টান্ত স্থল করা উচিত। ইউরোপীয় জাতিদের আজি কালি পরস্পরের প্রতি যে রূপ মনের ভাব তাহাতে তাঁহাদের পরস্পর প্রণয় যে অধিক দিন থাকে এমত বুঝায় না। দুই দিন পরেই হউক আর চারি দিন পরেই হউক প্রবল সমরাগ্নি প্রজ্বলিত হইয়া সমস্ত ইউরোপ আলোড়িত করিবেই করিবে। তখন সম্ভবতঃ ইংরাজগণ আপন দেশ লইয়াই ব্যস্ত হইবেন—আমাদের দিকে দৃষ্টিপাত করিবার অবকাশ পাইবেন না। সে সময়ে আমাদের দশা কি হইবে, তাহা আমাদের এই বেলা ভাবা কর্ত্তব্য। ভারতবর্ষের বলবত্তর জাতি মাত্রেই আমাদিগকে আন্তরিক ঘৃণা করে, তাহারা সুবিধা পাইলে নিশ্চয়ই আমাদের প্রতি অত্যাচার করিবে, "দেশীয় ভ্রাতৃগণ" বলিয়া কিছুমাত্র "রেয়াৎ" করিবে না। সুতরাং সে রূপ অবস্থা ঘটিলে যাহাতে আত্মরক্ষা করিতে সমর্থ হই তাহার চেষ্টা এখন হইতে করিতে হয়। কেহ কেহ বলিতে পারেন "সে রূপ যদি না ঘটে"—না ঘটে ভালই, প্রস্তুত থাকায় ক্ষতি নাই। অপিচ ইংরাজগণ আমাদিগকে পরিত্যাগ করিলে অপরাপর রাজাদের মধ্যেও যে কেহ কেহ বাঙ্গালা অধিকারের চেষ্টা করিবেন তাহা এক প্রকার নিশ্চিত। তখন আমরা অবাধে আর এক জাতির অধীনতা স্বীকার করিতে কি কিছুমাত্র কষ্ট বোধ করিব না? ইংরাজদিগের নিকট কি আমরা এত দিনে ইহাই শিক্ষা করিলাম? পরাধীনতা যে কি আরামের জিনিষ তাহা কি আমরা ৭।৮ শত বৎসরেও জানিতে পারি নাই? অথবা যদি ইংরাজেরা এখনও শাসন গুণে আমাদের স্নেহভাজন হইয়া উঠেন—অধীনতার ক্লেশ অনুভব করিতে না দেন—তবে কি না হয় আমরা সে সময় তাঁহাদের সাহায্য করিব; তাঁহাদের অনুপস্থিতি কালে তাঁহাদের বঙ্গরাজ্য শত্রুহস্ত হইতে রক্ষা করিয়া কৃতজ্ঞতার পরিচয় দিব। তাই বলি আমাদের বাহুবলের উন্নতির দিকে বিশেষ দৃষ্টি করা উচিত।

৫। বাঙ্গালীকে কি চিরকালের জন্যই এই ভাবে কাটাইতে হইবে?—"বাঙ্গালী" শব্দ কি চিরকালই ঘৃণাসূচক গালি বলিয়া পরিগণিত হইবে? পাঁচজনের মধ্যে এক জন হইতে কি আমাদের সাধ হয় না? কিন্তু ঘরের কোণে বসিয়া থাকিলে ... কোন জাতিই ... লাভ করিতে পারে নাই। যদি বড় হইতে ইচ্ছা থাকে পৃথিবীর প্রাচীন জাতিদের সহিত ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপনের চেষ্টা কর। দেশ বিদেশে যাতায়াত কর; নিজে নিজে জাহাজ চালাইতে শিখ। জাহাজ চালাইতে প্রথমতঃ ... চাই।

দ্বিতীয়তঃ জাহাজ চালান দুর্ব্বলের কর্ম নয় ... ও কষ্টসহিষ্ণুতা বিলক্ষণ আবশ্যক, ... ভয়ও আছে। তাই বলি, বাঙ্গালীর বাহুবলের প্রয়োজন আছে।

উকিলদিগের দুরবস্থা।

(সহচর হইতে)

বলদীয়াগণ পথে প্রস্তুত হইলে বলদকে প্রহার করিয়া ঝাল ঝাড়িয়া থাকে। নিয়ম বহির্ভূত প্রণালীর প্রাদুর্ভাব এবং নূতন ফৌজদারী কার্য্যবিধি হওয়াতে বিচারসংক্রান্ত কর্ম্মচারিগণের ক্ষমতা অনেক হ্রাস হইয়া গিয়াছে। প্রধানতম বিচারালয়ের যে গৌরব ছিল, মার্ বার্গেস পিককের সহিত তাহার অধিকাংশ অন্তর্দ্ধান করিয়াছে; তাঁহাদিগের ক্ষমতা কত তাহা সর জর্জ ক্যাম্বেল প্রদর্শন করিয়া গিয়াছেন। শাসন সংক্রান্ত কর্ম্মচারিগণ অনেক সময়ে বিচারালয়কে অবজ্ঞা করেন। কিন্তু তাঁহাদিগের একটী বলদ আছে; হতভাগা উকীলেরাই এই মহজ্জন্তুর প্রতিনিধি স্বরূপ। বিচারপতিদিগের যে কিছু ক্ষমতা প্রকাশ, উকীলদিগেরই পরেই থাকে। বারিষ্টরেরা শক্ত লোক, তাঁহাদিগের কাছে অগ্রসর হইবার যো নাই। এক জন বারিষ্টর ... পর্য্যন্ত জেরা করুন, কেহই তাঁহাকে কিছু বলেন না। কিন্তু এক জন উকীল কিঞ্চিৎ কাল কথা বলিলে বিচারপতিগণ অমনি ভ্রূভঙ্গি ও কর্কশ বাক্য প্রয়োগ করেন। যত কড়াকড়ি উকীলদিগের বেলা। প্রধানতম বিচারালয় সম্প্রতি নিয়ম করিয়াছেন যে যাঁহারা কমিটিতে পরীক্ষা দেন অথব ১৮৭৪ অব্দের পর বি,এল হইয়াছেন তাঁহারা যে জেলার নাম লিখাইবেন, সে জেলা হইতে অন্য জেলায় কোন মকদ্দমা করিতে যাইতে পারিবেন না। যদি আবশ্যক হয়, তবে অগ্রে শেষোক্ত জেলার জজের মত লইতে হইবে। এক জেলায় এক বার নাম লিখাইয়া যদি কেহ অন্য জেলায় কার্য্য করিতে চাহেন তাহা হইলে প্রথমতঃ জজের নিকটে প্রশংসা পত্র লইতে হইবে। অন্ততঃ এক বৎসর কাল না থাকিলে এই প্রশংসা পত্র দেওয়া হইবে না।

এই দুইটী নিয়ম নিতান্ত যুক্তি ও ন্যায়-বিরুদ্ধ বলিয়া প্রতিপন্ন হইতেছে। ভাব, এক ব্যক্তি হুগলীতে ওকালতি করেন; আলীপুরে তিনি কোন সময়ে আসিতে পারিবেন না তাহার কোন কারণ দেখা যাইতেছে না। এক স্বত্ব থাকিলে কাহার কি হয় তাহা বিচারপতিগণ অনুগ্রহ করিয়া বলিলে সর্ব্বসাধারণ বিশেষ বাধিত হইবে। এক জন পরীক্ষা দিয়া এক জেলায় আসিলেন। হয় ত (হয় ত কেন? ইহা প্রায়ই হয়) এক বৎসরের মধ্যে ইনি একটী ও মোকদ্দমা পাইলেন না। অথচ তিনি যদি আর এক জেলায় যান তাহা হইলে কিঞ্চিৎ উপার্জ্জন করিতে পারেন। জজ তাঁহাকে কখন কার্য্য করিতে দেখেন নাই; অতএব তিনি অবশ্যই প্রশংসা পত্র দিতে অস্বীকার করিতে থাকেন। ইহার ফল এই হইতেছে যে হয় হতভাগা উকীল শুষ্ক জলাশয়ের বক হইয়া থাকুন, নচেৎ জজ মিথ্যা প্রশংসা পত্র প্রদান করুন। এই নিয়মে আর ও একটী অনিষ্ট হইতেছে। অন্য দেশে ওকালতি স্বাধীন ব্যবসায় হইতে পারে, কিন্তু বাঙ্গালী উকীলগণ স্বাধীন নহেন। তবে যে কিঞ্চিৎ স্বাধীনতা ছিল পূর্ব্বোক্ত নিয়ম নিবন্ধন তাহা যাইতেছে। সকলেই জানেন যে জেলার জজ বিরূপ হইলে কোন উকীল পসার করিতে পারেন না। জজ বিরক্ত হইলে আর রক্ষা নাই; তিনি প্রশংসা পত্র না দিলে কোন ব্যক্তি অন্যত্র যাইতে পারিবেন না। এই নিবন্ধন কেবল উকীলগণ নহেন এতদ্দেশীয় সর্ব্ব সাধারণও বিরক্ত হইয়াছেন। বিচারপতিগণ অনুগ্রহ করিয়া কি এ নিয়মটী রহিত করিবেন? উকীলের সংখ্যা অতিরিক্ত হইয়াছে সত্য; কিন্তু সংখ্যা কম করিবার এটী ... পরীক্ষা ... আদালত সমূহে উকীলের সংখ্যা নির্দ্ধারিত ... ক্ষতি নাই।

এই পত্রিকা কলিকাতা বাগবাজার আনন্দচন্দ্র ... হইতে প্রতি বৃহস্পতিবারে ...

he is a lover of Justice, but his subsequent measures threw us again into total darkness. We mention below the series of blunders which His Lordship has committed in connection with the Guikwar.

